"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৭ - ৪৬৫ তারিখঃ ০৭ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ।

বিষয় : **আর্থিক শিক্ষা ও আর্থিক অন্তর্ভূক্তি কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে আয়োজিত সভার কার্যবিবরণীতে বিবৃত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.১৭-৬১৮, তারিখ : ৩০ নভেম্বর, ২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

০৭/১২/১৭

(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।

৫-৫৪ । অধ্যক্ষ, -সকল-----------------------পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৫-১১৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, --সকল--------------------------------

১১৯-১২২ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপিঃ

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । সৈয়দ আসগর আলী , সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০ । নথি।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৯.৩২.০২৪.১৭ - ৪৬৫ তারিখঃ ০৭ ডিসেম্বর, ২০১৭খ্রিঃ।

বিষয় : **আর্থিক শিক্ষা ও আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে আয়োজিত সভার কার্যবিবরণীতে বিবৃত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.১৭-৬১৮, তারিখ : ৩০ নভেম্বর, ২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

০৭/১২/১৭

(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।

৫-৫৪ । অধ্যক্ষ, সকল-----------------------পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৫-১১৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সকল-----------------------------------

১১৯-১২২ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপিঃ

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । সৈয়দ আসগর আলী , সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮ প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৯ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০ । নথি।

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তর
মহাপরিচালকের দপ্তর

| পরিচালক | |
|---|---|
| প্রশাসন | |
| ভোকেশনাল | |
| পরিঃ ও উন্নঃ | |
| পি,আই,ইউ | |
| পি,আই,ডব্লিউ | ✓ |

মহাপরিচালক
০৬/১২/২০১৭

শ্রীযুক্ত কর্মকর্তা / E০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.৯৯.০০৫.১৭.৬১৮

তারিখ ঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০১৭ খ্রি:।

**বিষয়:** আর্থিক শিক্ষা ও আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে আয়োজিত সভার কার্যবিবরণীতে বিবৃত সিদ্ধান্ত বাস্তবায়ণ।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের সূত্র নং-এফআইডি/১০১/২০১৭/৩০০৮, তারিখ: ১৮ অক্টোবর ২০১৭ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকে বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত আর্থিক শিক্ষা ও আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে আয়োজিত সভার কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত কার্যবিবরণীতে বিবৃত 'খ' নং সিদ্ধান্তের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদন জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

**সংযুক্তি:** বর্ণনামতে।

২৬৯৬
০৪/১২/২০১৭

৩০/১১/২০১৭

(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (সমন্বয়)
ফোন: ৯৫৭৫৮০৭
dstmed17@gmail.com

বিতরণ:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। উপসচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

সূত্র নংঃএফআইডি/১০১/২০১৭/৬০০৮

তারিখঃ ১৮ অক্টোবর ২০১৭

সচিব,
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,
শিক্ষা মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,
রমনা, ঢাকা।

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং ২৬৮৩ তারিখঃ ২০/১১/১৭

| | |
|---|---|
| অতিরিক্ত সচিব (প্রশাঃ ও উন্নয়ন) | যুগ্মসচিব (উন্নয়ন) |
| অতিরিক্ত সচিব (কারিগরি) | যুগ্মসচিব (কারিগরি) |
| অতিরিক্ত সচিব (মাদ্রাসা) | যুগ্মসচিব (মাদ্রাসা) |
| যুগ্মসচিব (প্রশাসন) | |

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

একান্ত সচিব

দৃষ্টি আকর্ষণঃ ডা. মোঃ ফারুক হোসেন, যুগ্ম সচিব (প্রশাসন)।

প্রিয় মহোদয়,

আর্থিক শিক্ষা ও আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে আয়োজিত সভার কার্যবিবরণী প্রসংগে।

শিরোনামে উল্লিখিত বিষয়ে ১০ অক্টোবর ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০টায় ডেপুটি গভর্নর জনাব এস. কে. সুর চৌধুরী এর সভাপতিত্বে বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আপনাদের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

যুগ্মসচিব (প্রশাসন)-এর দপ্তর
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
ডায়েরী নং ২৫৯৪ তারিখ ২২/১১/১৭
উপসচিব (প্রশাসন ও অর্থ)
উপসচিব (অডিট ও আইন)
সহকারী সচিব (প্রশাসন ও অর্থ)
সহকারী সচিব (অডিট ও আইন)
সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব ............শাখা

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আবুল বশর)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০৩৪৩
e-mail: abul.bashar@bb.org.bd

উপসচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডায়েরি নং ......... তারিখ .........
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (প্রশাসন)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সেবা)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সমন্বয়)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সংবাদ)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (রাজস্ব বাজেট)

উপসচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ডায়েরি নং ১০১১ তারিখ ২৬/১১/১৭
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (প্রশাসন)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সেবা)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সমন্বয়)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (সংবাদ)
সিনিঃ সহঃ সচিব/সহকারী সচিব (রাজস্ব বাজেট)

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয় ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

**বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ও আর্থিক শিক্ষা কার্যক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্পৃক্তকরণে আয়োজিত সভার কার্যবিবরণী।**

শিরোনামে উল্লিখিত বিষয়ে ডেপুটি গভর্নর এস. কে. সুর চৌধুরী এর সভাপতিত্বে ১০ অক্টোবর ২০১৭ তারিখ মঙ্গলবার সকাল ১১:০০টায় বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে একটি সভা অনুষ্ঠিত হয়।

উপস্থিতি:

সভায় উপস্থিতির তালিকা সংযুক্ত করা হলো।

আলোচনা:

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নয়ন পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বাংলাদেশ ব্যাংক ফাইন্যান্সিয়াল ইনক্লুশন প্রক্রিয়ার আওতায় দেশের আর্থিক সেবাপ্রত্যাশী সাধারণ জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতাভুক্ত করার উদ্যোগ গ্রহণ করেছে। ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ কর্তৃক প্রণীত Sustainable Development Goals(SDGs) অর্জনের লক্ষ্যে এবং ফাইন্যান্সিয়াল ইনক্লুশন কার্যক্রম প্রসারে বাংলাদেশ ব্যাংক বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। গ্রামাঞ্চলে শাখা খুলতে ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান, কৃষি ও এসএমই খাতে সহজ শর্তে ও স্বল্প সুদে ঋণের যোগান নিশ্চিতকরণ, বিভিন্ন পর্যায়ের প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মাত্র ১০ টাকায় ব্যাংক হিসাব খুলতে সকল ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান, প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সুবিধা প্রদানের জন্য এজেন্ট ব্যাংকিং ও মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু - এ সকল কার্যক্রম ফাইন্যান্সিয়াল ইনক্লুশনের অংশ। এর পাশাপাশি প্রতিটি শিশুর মধ্যে সঞ্চয়ের মানসিকতা গড়ে তোলা এবং তাকে ছোটবেলা থেকেই ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর সাথে অভ্যস্ত করে তোলার জন্য প্রবর্তন করা হয়েছে স্কুল ব্যাংকিং কার্যক্রম। এর মধ্যি দিয়ে অল্প বয়স হতেই শিশু/কিশোরদের মধ্যে আয় ও ব্যয় ব্যবস্থাপনা, ব্যাংকিং অভিজ্ঞতা ও দূরদর্শিতা তথা সঞ্চয়ের মনোভাব গড়ে উঠবে। ইতোমধ্যে বাংলাদেশ ব্যাংকের ফাইন্যান্সিয়াল ইনক্লুশন কার্যক্রমের স্বীকৃতি স্বরূপ Child & Youth Finance International, The German G20 Presidency এবং German Federal Ministry for Economic Cooperation and Development কর্তৃক বাংলাদেশ ব্যাংককে 'Global Financial Inclusion Award 2017' প্রদান করা হয়েছে।

তিনি বলেন, বর্তমান বিশ্বে ফাইন্যান্সিয়াল ইনক্লুশন প্রসারের একটি অন্যতম মাধ্যম হচ্ছে আর্থিক শিক্ষা (Financial Literacy)। সকল পর্যায়ের মানুষের সঠিক আর্থিক সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় সচেতনতা, জ্ঞান ও সামর্থ্য তৈরি করার জন্য আর্থিক শিক্ষা অপরিহার্য। শিক্ষার্থীদের মধ্যে আর্থিক শিক্ষা প্রসারে বাংলাদেশ ব্যাংক দেশের সকল বিভাগ ও জেলা শহরগুলোতে শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষকদের উপস্থিতিতে "স্কুল ব্যাংকিং কনফারেন্স" শিরোনামে আর্থিক শিক্ষা কর্মসূচী পরিচালনা করে চলেছে। গুরুত্ব বিবেচনায় বর্তমানে বিশ্বের বিভিন্ন দেশে আর্থিক শিক্ষাকে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ষষ্ঠ শ্রেণী হতে দশম শ্রেণীর পাঠ্যপুস্তকে ধাপে ধাপে আর্থিক শিক্ষা অর্ন্তভুক্তকরণের জন্য ইতঃপূর্বে বাংলাদেশ ব্যাংক হতে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে সভাপতি, এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের উপায় সম্পর্কে সভায় উপস্থিত সকলের মতামত আহবান করেন।

সভায় উপস্থিত শিক্ষা মন্ত্রণালয়ের Secondary Education Sector Investment Program (SESIP) প্রকল্পের প্রতিনিধি বলেন, বাংলাদেশে পাঠ্যপুস্তকের পরিধি নির্দিষ্ট করণের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) দায়িত্ব পালন করে থাকে। ২০১২ সালে সর্বশেষ Curriculum প্রণয়ন করা হয়েছে এবং বর্তমানে একটি কমিটির মাধ্যমে তা সংশোধনের কাজ চলছে। শিক্ষা মন্ত্রণালয়ের Secondary Education Quality and Access Enhancement Project (SEQAEP) প্রকল্পের প্রকল্প পরিচালক বলেন, শিক্ষামন্ত্রী মহোদয়ের নেতৃত্বে গঠিত কমিটি পাঠ্যপুস্তকের পরিধি নির্দিষ্টকরণে কাজ করে থাকে। এক্ষেত্রে কিছু বিষয় পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত না করে সহায়ক বিষয় হিসাবে অন্তর্ভুক্ত করা যেতে পারে, যা পরীক্ষায় থাকবে না এরূপ পদ্ধতিতে আর্থিক শিক্ষাকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। SEQAEP প্রকল্পেও এ জাতীয় কার্যক্রম রয়েছে, যা শিক্ষার্থীদের মানসিক বিকাশে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি বলেন, পাঠ্যপুস্তকের ভার কমানোর বিষয়টি বিবেচনায় থাকলেও মাননীয় প্রধানমন্ত্রী, Sustainable Development Goals(SDGs)'র ১৭টি বিষয়কে পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্তকরণের নির্দেশনা দিয়েছেন এবং এ লক্ষ্যে একটি কমিটি কাজ করে চলেছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি এ জাতীয় কার্যক্রমের উদ্যোগ গ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংককে ধন্যবাদ জানান এবং এ বিষয়ে একটি কমিটি গঠনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের প্রস্তাবনা রাখেন। শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন, প্রাথমিক পর্যায়ে এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের প্রস্তাবের আলোকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করে পরবর্তীতে NCTB তে প্রস্তাব পাঠানো সমীচীন হবে।

চলমান পাতা-২

-০২-

পূর্বপৃষ্ঠার পর থেকে,

এ পর্যায়ে সভাপতি, শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন অধিদপ্তরের আওতায় পরিচালিত বিভিন্ন প্রকল্পের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি প্রদানে চার্জ/ফি সংশ্লিষ্ট বিষয়ে বক্তব্য প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। সভায় উপস্থিত বিভিন্ন প্রকল্প পরিচালকগণ বলেন, প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের অভিভাবকদের মোবাইল ব্যাংকিং হিসাবে বৃত্তির টাকা দেয়া হয়। এক্ষেত্রে চার্জের পরিমাণ বেশি। সরকারের অর্থে এসকল প্রকল্প পরিচালিত হয় বিধায় সরকারী ব্যাংকের মাধ্যমে উপবৃত্তি প্রদানের বাধ্যবাধকতা রয়েছে, তবে এক্ষেত্রে তাদের মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস সুবিধা নেই বিধায় অপর একটি ব্যাংকের মাধ্যমে এ সেবা প্রদান করার ফলে চার্জের পরিমাণ বেড়ে যায়।

সভাপতি বলেন, বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত নীতমালায় ব্যাংক কর্তৃক মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস কার্যক্রমের চার্জ ধার্য করার বিষয়টি নির্ধারিত রয়েছে। এক্ষেত্রে সম্পূর্ণ প্রক্রিয়াটিকে চার্জমুক্ত করার সুযোগ নেই। তবে সরাসরি মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা হলে চার্জের পরিমাণ অনেকাংশেই হ্রাস পাবে। তিনি আরও বলেন সকল ব্যাংকেই বিদ্যমান স্কুল ব্যাংকিং হিসাব রয়েছে এবং এ সকল হিসাবে কোন প্রকার সার্ভিস চার্জ কর্তন করা হয় না বিধায় ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্ক (ইএফটিএন) এর মাধ্যমে শিক্ষার্থীর হিসাবে উপবৃত্তি প্রদান করা হলে কোন প্রকার চার্জ প্রযোজ্য হবে না। এক্ষেত্রে যে কোনো ব্যাংকে নির্দিষ্ট প্রকল্পের নামে একটি হিসাব এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নামে স্কুল ব্যাংকিং হিসাব খুলে ইএফটিএন পদ্ধতি ব্যবহার করে উপবৃত্তি ও টিউশন ফি প্রদান করা যেতে পারে।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) বাংলাদেশ ব্যাংক হতে শিক্ষা মন্ত্রণালয়ে ইতঃপূর্বে প্রেরিত পত্রের অনুবৃত্তিক্রমে একটি Concept Note সহ জাতীয় পাঠ্যপুস্তকে আর্থিক শিক্ষা বিষয়ক অধ্যায় সংযুক্তকরণ এবং SESIP প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের জন্য সহায়ক পুস্তক হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

খ) শিক্ষা মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তরসমূহের আওতায় পরিচালিত বিভিন্ন প্রকল্পে প্রযোজ্য ক্ষেত্রে অনলাইন ব্যাংকিং, এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তির টাকা প্রদান করা যেতে পারে। এতদ্ব্যতীত অনলাইন ব্যাংকিং, এজেন্ট ব্যাংকিং সেবাবহির্ভূত এলাকায় মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর মাধ্যমে উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে সার্ভিস চার্জ হ্রাসের জন্য প্রতিযোগিতামূলক ফি নির্ধারণের জন্য মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রদানকারী ব্যাংক/মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস প্রোভাইডার প্রতিষ্ঠানের সাথে চুক্তি করা যেতে পারে।

পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস. কে. সুর চৌধুরী)
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক